মদিনাতে কিছু লোক এমন আছে যে, তোমরা যত সফর করছ এবং যে কোন উপত্যকা অতিক্রম করছ, তারা তোমাদের সঙ্গে রয়েছে। অসুস্থতা তাদেরকে মদিনায় আটকে রেখেছে।

আবূ আবদুল্লাহ জাবের ইবন আবদুল্লাহ আল-আনসারী রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে এক যুদ্ধে ছিলাম। তিনি বললেন, “মদিনাতে কিছু লোক এমন আছে যে, তোমরা যত সফর করছ এবং যে কোন উপত্যকা অতিক্রম করছ, তারা তোমাদের সঙ্গে রয়েছে। অসুস্থতা তাদেরকে মদিনায় আটকে রেখেছে।” অন্য এক বর্ণনায় আছে, “তারা নেকীতে তোমাদের অংশীদার।” আনাস রাদিয়াল্লাহু “আনহু
থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে তাবূক
থেকে প্রত্যাবর্তন করলাম। তিনি বললেন “আমাদের পিছনে মদীনায় এরূপ কিছু লোক আছে যারা প্রত্যেক গিরিপথ বা উপত্যকা যাই অতিক্রম করেছি তারা আমাদের সাথে ছিল। বিশেষ ওজর তাদেরকে আটকে রেখেছে।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - এটি মুসলিম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন কিছু লোক সম্পর্কে অবগত করলেন যে, যাদেরকে অসুস্থ ও অসুস্থতার ন্যায় অন্যান্য ওজর আল্লাহর রাস্তায় জিহাদ থেকে আটকে রেখেছে। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানালেন যে, কিছু লোক এমন আছে যে, গাজীগণ (যোদ্ধাগণ) যত সফর করছে এবং যে কোনো গিরিপথ বা উপত্যকা অতিক্রম করছে, এসব আমলের সাওয়াব তাদের জন্য লিখা হয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4557